**Times Today BD**

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 28 April, 2025

দেশের সীমানায় প্রবেশ করেছে মাঝারি থেকে প্রায় শক্তিশালী এক বৃষ্টি বলয়।এটি আংশিক বৃষ্টিবলয় হওয়ায় দেশের সব এলাকায় সমানভাবে বৃষ্টি ঝরানোর সম্ভাবনা কম।তবে পূর্বাভাস অনুযায়ী, এই বৃষ্টি বলয়ের প্রভাবে দেশের প্রায় ৬০ থেকে ৭০ শতাংশ এলাকায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।এই বৃষ্টি বলয়টি আগামী ৫ মে দেশ ত্যাগ করতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিম (বিডব্লিউওটি)।

সোমবার (২৮ এপ্রিল) বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিম (বিডব্লিউওটি) এ তথ্য জানিয়েছে।

বিডব্লিউওটি জানায়, এই বৃষ্টি বলয়টি অধিক সক্রিয় থাকবে সিলেট, ঢাকা, খুলনা, রংপুর ও ময়মনসিংহ বিভাগে এবং মাঝারি সক্রিয় থাকবে রাজশাহী ও বরিশাল বিভাগে।এছাড়া সবচেয়ে কম সক্রিয় থাকবে চট্টগ্রাম বিভাগে।বৃষ্টি বলয়ের প্রভাবে বিভিন্ন এলাকায় কালবৈশাখী ঝড় এবং অপেক্ষাকৃত তীব্র বজ্রপাত হতে পারে।তবে একটানা বর্ষণ বা বন্যার কোনো আশঙ্কা নেই।এই সময়কালে সাগর বেশিরভাগ সময় নিরাপদ থাকতে পারে তবে হঠাৎ কালবৈশাখীর কারণে সাময়িকভাবে উত্তাল হওয়ার সম্ভাবনা রয়েছে।

বিডব্লিউওটি পূর্বাভাসে জানায়, বৃষ্টি বলয় চলাকালীন দেশের আকাশ অধিকাংশ এলাকায় আংশিক মেঘলা থাকতে পারে এবং অধিক সক্রিয় এলাকায় মেঘলা থাকার সম্ভাবনা বেশি। বৃষ্টিপাত মূলত আকস্মিক ও স্বল্পস্থায়ী হতে পারে।উত্তর-পশ্চিম দিক থেকে কালো মেঘ এবং দমকা হাওয়া বয়ে এসে বজ্রসহ বৃষ্টি হতে পারে।এরপর আবহাওয়া পরিষ্কার হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

সংস্থাটি আরও জানায়, এই বৃষ্টি বলয়ের প্রভাবে দেশের প্রায় ৬০ শতাংশ এলাকায় পানি সেচের চাহিদা পূরণ হতে পারে।পাশাপাশি, অধিকাংশ এলাকায় আবহাওয়া আরামদায়ক থাকতে পারে।তবে বরিশাল, খুলনা ও রাজশাহী বিভাগের কিছু এলাকায় মৃদু তাপপ্রবাহের সম্ভাবনাও রয়েছে।এছাড়া বন্যার কোনো সতর্কতা না থাকলেও সিলেট অঞ্চলের নিম্নাঞ্চলে পানি বাড়তে পারে বলে বলে জানিয়েছে বিডব্লিউওটি।

বিডব্লিউওটির পূর্বাভাস অনুযায়ী, বৃষ্টি বলয় চলাকালীন বিভিন্ন বিভাগে গড়ে বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে সংস্থাটি।

* ঢাকা : ৭০-১০০ মিলিমিটার (গড়ে ৬ দিন)

* খুলনা : ৭০-১৩০ মিলিমিটার (গড়ে ৫ দিন)

* বরিশাল : ৫০-৮০ মিলিমিটার (গড়ে ৫ দিন)

* সিলেট : ৯০-১৪০ মিলিমিটার (গড়ে ৮ দিন)

* ময়মনসিংহ : ৭০-৯০ মিলিমিটার (গড়ে ৭ দিন)

* রাজশাহী : ৪০-৭০ মিলিমিটার (গড়ে ৫ দিন)

* রংপুর : ৫০-৮০ মিলিমিটার (গড়ে ৫ দিন)

* চট্টগ্রাম : ১৫-৫০ মিলিমিটার (গড়ে ৩/৫ দিন)

এছাড়া জেলাভিত্তিক বৃষ্টিপাতের একটি গড় ধারণাও দিয়েছে বিডব্লিউওটি।তাদের তথ্য অনুযায়ী, সিলেট জেলায় ১৪০ মিলিমিটারের বেশি এবং শেরপুরে ১৯০ মিলিমিটারের বেশি পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে।অন্যান্য জেলার পূর্বাভাসও বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

আবহাওয়ার খবর আগামীকালের আবহাওয়া বৃষ্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:46

URL: https://www.timestodaybd.com/across-the-country/9849481548